



ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন DHAKA UNIVERSITY ALUMNI ASSOCIATION

তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে শিক্ষা ও সামাজিক কার্যক্রমের জন্য বৃত্তি-২০২৫ প্রসঙ্গ।

মহাত্মন,

নিবেদন এই যে, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন 'শিক্ষা ও সামাজিক কার্যক্রমের জন্য বৃত্তি ২০২৫'-এর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অসচ্ছল সকল শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র সংগ্রহের উদ্যোগ নিয়েছে।

আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ১৫ মার্চ ২০২৫ তারিখ পর্যন্ত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অফিস থেকে (সকাল ১১:০০ টা থেকে বিকেল ৫:০০ টা) ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে। আবেদন ফরমটি ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট (www.duaa-bd.org) থেকেও সংগ্রহ করা যাবে।

আবেদন করার যোগ্যতা ও করণীয়

১. শিক্ষার্থীকে অবশ্যই ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্সের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
২. শুধু দরিদ্র ও অসচ্ছল পরিবারের শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন;
৩. আবেদনপত্রটি বিভাগীয় প্রধান ও হল প্রভোস্ট কর্তৃক সুপারিশ করিয়ে জমা দিতে হবে;
৪. আবেদনকারীদের মধ্য হতে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে প্রকৃত অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে। চূড়ান্তভাবে বাছাইকৃত শিক্ষার্থীরা অনার্স শেষ বর্ষ পর্যন্ত বৃত্তি পাবে।
৫. যে সকল শিক্ষার্থী অন্যান্য উৎস হতে (বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক/জাকাত ম্যানেজমেন্ট/বিভিন্ন বিভাগীয় ও বোর্ড বৃত্তি) বছরে ১২,০০০ টাকার সমপরিমাণ বা এর বেশি বৃত্তি পেয়ে থাকে, তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৬. আবেদনকারী শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে বিশ্ববিদ্যালয়/হল আইডি কার্ডের ফটোকপি এবং পে-ইম-স্লিপের ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে।

বৃত্তি কার্যক্রমটি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে আপনার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও আবাসিক হলে বিজ্ঞপ্তি প্রকাশ এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

এ টি এম আবদুল বারী ড্যানী

সদস্য সচিব

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/ ৫১২১৫ - ৩১৫

তারিখঃ ২৬/১১/১৪৩১ বঙ্গাব্দ
৩/১২/২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের দিকে